

শেখের কাগজ

ঢাকা • শুক্রবার • ১২ আশ্বিন ১৪৩১ • ২৭ সেপ্টেম্বর ২০২৪



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্লাজা এরিয়ায় বিশ্ববিদ্যালয়ের সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্স গত বুধবার বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের ভূমিকা ও প্রত্যাশা নিয়ে পলিসি ডিবেটের আয়োজন করে। বিজ্ঞপ্তি

এসআইপিজি

বাংলাদেশের ভবিষ্যৎ নিয়ে পলিসি ডিবেট



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্স (এসআইপিজি) গত বুধবার বিশ্ববিদ্যালয়ের প্লাজা এরিয়ায় বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের ভূমিকা ও প্রত্যাশা নিয়ে একটি পলিসি ডিবেটের আয়োজন করা হয়। বিতর্কে বিপ্লব পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি এবং এই পরিবর্তনের চ্যালেঞ্জ ও সুযোগ নিয়ে আলোচনা করা হয়। বিজ্ঞপ্তি

ইউনিভার্সিটি অব ব্রিটিশ কলাম্বিয়ার মহামারীবিদ প্রমিত অনন্য চক্রবর্তী এ আলোচনায় বাংলাদেশে সূচ্য নির্বাচনের অভাবের বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, 'বর্তমান পরিস্থিতি নিয়ে অনেকেই চিন্তিত কারণ গত ২০ বছরে দেশে কোনো বৈধ নির্বাচন হয়নি। অন্তর্বর্তী সরকারের অবস্থান দীর্ঘায়িত হলে স্বৈরশাসনে ফিরে যাওয়ার ঝুঁকি রয়েছে। তাই আমাদের এটি নিশ্চিত করতে হবে যে তারা যেন বেশি সময় ধরে ক্ষমতায় না থাকে।'

এসআইপিজির পলিসি স্কলার সাকিফ আল এহসান খান সীমিত সময়ের মধ্যে এই অন্তর্বর্তীকালীন সরকারের প্রয়োজনীয় সংস্কারের সক্ষমতার কথা উল্লেখ করেন। এ অনুষ্ঠানে বিকাশ লিমিটেডের মনোয়ার আলিম তন্ময় এবং আইসিডিডিআরবির প্রকল্প গবেষক ডা. আবরার হাসান দেশের বিভিন্ন খাতে ব্যাপক সংস্কারের প্রয়োজনীয়তা এবং বিপ্লবে আহত জনগণের জন্য চিকিৎসা সহায়তার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

ডিবেটের মডারেটর ছিলেন বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞানের সহকারী অধ্যাপক এবং এসআইপিজির সেন্টার ফর পিস স্টাডিসের (সিপিএস) শান্তি সমন্বয়ক ড. আব্দুল ওয়াহাব।